# হবিগঞ্জের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মাহদীসহ আটক ৩



বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতা মাহদী। ছবি: সংগৃহীত

হবিগঞ্জে বিদ্যুৎ ও গ্যাস সংকট, লোডশেডিং, বিদ্যুতের দাম বৃদ্ধি এবং নিত্যপণ্যের উর্ধ্বমূল্যের প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচির প্রস্তুতির সময় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের জেলা সদস্য সচিব মাহদী হাসানসহ তিনজনকে আটক করেছে পুলিশ।

সোমবার (১৭ আগস্ট) বিকেল সাড়ে ৫টার দিকে শহরের কোর্ট মসজিদ এলাকায় ‘সর্বস্তরের ছাত্র-জনতা’র ব্যানারে বিক্ষোভ মিছিলের জন্য জড়ো হলে তাদের পুলিশ হেফাজতে নেওয়া হয়।

হবিগঞ্জ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহিদুল হক জানান, বিক্ষোভকে ঘিরে সম্ভাব্য বিশৃঙ্খলা ঠেকানো এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য তিনজনকে হেফাজতে নেওয়া হয়েছে।

আটক ব্যক্তিদের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে কোনো মামলা করা হয়েছে কি না, সে বিষয়ে পুলিশ এখনো বিস্তারিত কিছু জানায়নি।